

নিয়োগ বিজ্ঞপ্তি

বিআইসিএম/প্রশাসন/নি.প্র.নি/০০৩/২৩-১২৯

তারিখঃ ০৬ ডিসেম্বর, ২০২৩

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) পুঁজিবাজারের তাত্ত্বিক এবং প্রায়োগিক জ্ঞান প্রসারের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সম্পূর্ণ অর্থায়নে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর তত্ত্বাবধানে পরিচালিত একটি প্রতিষ্ঠান। ইন্সটিটিউটের নির্বাহী প্রেসিডেন্ট এর স্থায়ী শূন্য পদে চুক্তিভিত্তিক পূর্ণকালীন নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

পদের নামঃ নির্বাহী প্রেসিডেন্ট

দায়িত্ব ও কর্তব্যঃ

- * বিআইসিএম এর পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত ও নির্দেশনার আলোকে ইন্সটিটিউটের সার্বিক কার্যক্রম পরিচালনা ও তত্ত্বাবধান করা;
- * ইন্সটিটিউটের বিভিন্ন কার্যক্রমের বাস্তবায়ন ও কৌশলগত পরিকল্পনা প্রণয়ন ও নেতৃত্বদান করা;
- * শিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম তদারক করা ও তাতে অবদান রাখা।

শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতাঃ

- (ক) সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ফিন্যান্স/হিসাববিজ্ঞান/ব্যংকিং ও ইন্স্যুরেন্স/ব্যবস্থাপনা/ব্যবসায় শিক্ষা/ব্যবসায় প্রশাসন/ব্যবসায় শিক্ষার অন্যান্য বিষয়/অর্থনীতি/পরিসংখ্যান/আইন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী।
- (খ) অন্যান্য যোগ্যতা সমান থাকলে পিএইচডি, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস (এফসিএ)/কন্স্ট এন্ড ম্যানেজমেন্ট এ্যাকাউন্ট্যান্টস (এফসিএমএ)/ চার্টার্ড ফাইন্যান্সিয়াল এনালিস্ট (সিএফএ) ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।
- (গ) কমপক্ষে ২০ (বিশ) বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়াও তথ্য যোগাযোগ প্রযুক্তিতে উচ্চতর পর্যায়ের জ্ঞান ও দক্ষতা, ইন্সটিটিউটকে বিশ্বমানের প্রতিষ্ঠানে উন্নীতকরণের প্রয়োজনীয় দূরদৃষ্টি; বিশ্লেষণ ক্ষমতা, ব্যবস্থাপনা ও প্রশাসনিক দক্ষতা এবং নেতৃত্বের গুণাবলীর অধিকারী; বাংলাদেশের অর্থনীতি, পুঁজিবাজার, এবং বর্তমান আর্থিক অবস্থা সম্পর্কে সুস্পষ্ট জ্ঞানের অধিকারী; উন্নত সাংগঠনিক ও নেটওয়ার্কিং দক্ষতা; ইংরেজিতে অসাধারণ বাচনিক ও লৈখিক দক্ষতা; দেশে ও বিদেশে পুঁজিবাজার/ইন্সটিটিউট-এ পেশাদারী প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন ও প্রশিক্ষণ প্রদানে বাস্তব অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
- (ঘ) কোন প্রার্থীর শিক্ষা জীবনে ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়।
- (ঙ) কোন স্বীকৃত প্রশিক্ষণ/গবেষণা প্রতিষ্ঠানের প্রশিক্ষক/গবেষক এবং বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক অথবা সরকারের কোন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা-এর ন্যূনতম যুগ্মসচিব পদমর্যাদা হিসেবে চাকুরির অভিজ্ঞতা।

বেতন ও অন্যান্য সুবিধাঃ

- * প্রারম্ভিক মাসিক মূল বেতন ১,৭৫,০০০.০০ টাকাসহ ইন্সটিটিউটের নিয়মানুযায়ী অন্যান্য সুবিধাদি।
- * উৎসব ভাতা- বছরে ২ টি (মূল বেতনের সমপরিমাণ) ও নিয়মানুযায়ী বৈশাখী ভাতা।
- * এছাড়াও বিধি মোতাবেক জ্বালানী ও চালকসহ একটি সার্বক্ষণিক গাড়ীর সুবিধা।

চাকুরির শর্তাবলীঃ

- * চুক্তির মেয়াদঃ নিয়োগের তারিখ হতে ০৩ (তিন) বৎসরের জন্য; কাজের মূল্যায়নের উপর ভিত্তি করে পরবর্তীতে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যেতে পারে।
- * চাকুরির অন্যান্য শর্তাবলী বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট এর কর্মচারী চাকুরি বিধানমালা-২০২৩ দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- * আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখে বয়স অনূর্ধ্ব ৫৫ বছর হতে হবে।

আবেদন প্রক্রিয়াঃ

আগ্রহী প্রার্থীগণকে ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি সহ আবেদনপত্র চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট বরার নিম্নোক্ত ঠিকানা পাঠাতে হবে। আবেদনপত্রটি <https://bicm.gov.bd/site/view/jobs/> লিংক এ পাওয়া যাবে। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের সরাসরি সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে। সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

* আবেদনের শেষ তারিখঃ ২৮ ডিসেম্বর ২০২৩

** বিআইসিএম কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি এবং/অথবা যেকোন/সকল আবেদনপত্র বাতিল ঘোষণা করার ক্ষমতা রাখে।

চেয়ারম্যান,
পরিচালনা পর্ষদ,
বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট,
বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ তলা ও ৯ম-১০ম তলা),
৩৪ তোপখানা রোড, ঢাকা-১০০০